

💵 আকীকা এবং এ সংক্রান্ত কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ আকীকা এবং এ সংক্রান্ত বিধানাবলি রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পশু যবেহ করা তার মূল্য দান করার চেয়ে উত্তম যদিও তা বেশি হয়

এসব তাৎপর্য ও উপকারিতার কারণেই আকীকা হিসেবে পশু যবেহ করা এর মূল্য দান করার চেয়ে উত্তম যদিও তা পরিমাণে বেশি হয়। কারণ তা একটি সুন্নত এবং প্রবর্তিত ইবাদত, যা পিতামাতার ওপর আল্লাহর নতুন নিয়ামতের ওপর শুকরিয়া স্বরূপ করা হয়ে থাকে। এর মধ্যে ইসমাঈল আলাইহিস সালামকে কুরবানী করার মতো অনুপম তাৎপর্য নিহিত রয়েছে, আল্লাহ তা'আলা যার বদলে ভেড়া কুরবানী করে দেন। আকীকা যবেহ করার সময় আল্লাহর নাম নেবার মধ্য দিয়ে সন্তানকে শয়তানের অনিষ্ট থেকে বাঁচানোর হিকমতও রয়েছে, যেমন সে গর্ভে আসার সময় (স্বামী-স্ত্রীর মিলনকালে দু'আ পড়ার মাধ্যমে) শয়তানের দৃষ্ট প্রভাব থেকে নিরাপদ হয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13347

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন